গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, মেহেরপুর

এবং

বিভাগীয় কমিশনার, খুলনা এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯ - ৩০ জুন, ২০২০

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নং
১	উপক্রমণিকা	৩
২	কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৪
৩	সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলী	৬
৪	সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭-১৯
৫	সংযোজনী ১: শব্দসংক্ষেপ	২০
৬	সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি	২১-২৮
৭	সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা	২৯

উপক্রমণিকা

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেলা প্রশাসক, মেহেরপুর

এবং

বিভাগীয় কমিশনার, খুলনা এর মধ্যে

২০১৯ সালের জুন মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

জেলা প্রশাসক, মেহেরপুর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Deputy Commissioner, Meherpur)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (গত ৩ বছর) প্রধান অর্জনসমূহ :

মেহেরপুর জেলাকে বাল্য বিবাহ মুক্তকরণ, মেহেরপুর কে ভিক্ষুকমুক্তকরণ, সকল ভিক্ষুকের পুনর্বাসন ও কর্মসংস্থান সৃষ্টি, ভৈরবনদী পূনঃখননপ্রকল্পের আওতায় ভৈরব নদীর ২৯ কিলোমিটার এলাকা পুনঃখনন কাজ সম্পন্ন, নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে জনবান্ধব প্রশাসন তৈরি এবং গণশুনানীর মাধ্যমে জনসাধারণের বিবিধ অভিযোগ নিস্পত্তিকরণ, মেহেরপুর জেলাকে শতভাগ বিদ্যুতায়ন, বিষমুক্ত, স্বাস্থ্যসম্মত ও রপ্তানিযোগ্য আম উৎপাদনপূর্বক বিদেশে রপ্তানী, ব্যাগিং পদ্ধতিতে বিদেশে আম রপ্তানি, মুজিবনগরকে কেন্দ্র করে জেলা ব্র্যান্ডিং কর্মপরিকল্পনা বাস্তবায়ন, গাংনী উপজেলায় ভাটপাড়া জেলা প্রশাসক ইকো পার্ক স্থাপন, মাদ্রাসা শিক্ষাকে মূল ধারায় নিয়ে আসার লক্ষ্যে কওমী মাদ্রাসায় জাতীয় পতাকা ও পতাকা স্ট্যান্ড বিতরণ, দক্ষ মানব সম্পদ তৈরীর লক্ষ্যে শিক্ষার্থীদের ইংরেজি ও আরবি ভাষা উন্নয়নের জন্য ভাষা দক্ষতা উন্নয়ন শীর্ষক কর্মসূচি চলমান রয়েছে এবং প্রজনন-স্বাস্থ্য সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের প্রায় ৩২,০০০ (বত্রিশ হাজার) ছাত্রীর বয়ঃসন্ধিকালীন সময়ের জন্য নিরাপদ স্যানিটারী ন্যাপকিন বিতরণ করা হয়েছে এবং এ প্রক্রিয়া চলমান রয়েছে

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

এগ্রো বেইজড শিল্প কারখানার অভাব, সীমান্তবর্তী জেলা হওয়ায় অবৈধ মাদক ব্যবসার প্রবনতা, তামাক চাষের প্রতি ঝোঁক, ক্ষুদ্র উদ্যোক্তার স্বল্পতা, পানিতে মাত্রাতিরিক্ত আর্সেনিকের উপস্থিতি, সাক্ষরতার নিম্ন হার (মাত্র ৪৬%)

ভবিষ্যৎ পরিকল্পনা :

- মুজিবনগর কেন্দ্রিক পর্যটন শিল্পের বিকাশে মেহেরপুর জেলার অবকাঠামোগত উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি
- ফ্রিল্যান্সিং উপার্জনের ক্ষেত্রে বড় আকারের জনশক্তি তৈরি
- বিষমুক্ত শাকসবজি ও ফলমূল উৎপাদন
- এগ্রো বেইজড শিল্প কারখানা স্থাপনে বিনিয়োগ উৎসাহিত করণ
- মৎস্য চাষ, ব্ল্যাক বেঙ্গল ছাগল, গাড়ল ভেড়া ও গাভী প্রতিপালনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি
- সাক্ষরতার হার বৃদ্ধি করা

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- জেলা প্রশাসকের কার্যালয়সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে শতভাগ ই-নথি কার্যক্রম বাস্তবায়ন
- অনলাইন ভূমি সেবা প্রদান
- সকল সরকারি দপ্তরে শতভাগ ই-নথি কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রস্তুত করা
- আমঝুপি ডিসি ইকোপার্কের কাজ সম্পন্নকরণ
- বিষমুক্ত সবজি মার্কেট স্থাপন ও এর সংখ্যা বৃদ্ধিকরণ
- অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের পরীক্ষা গ্রহণ
- মাধ্যমিক পর্যায়ের ৭৫% শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর স্থাপন

সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

১.১ **রূপকল্প (Vision):** দক্ষ, গতিশীল, উন্নয়ন সহায়ক ও জনবান্ধব প্রশাসন গঠন।

১.২ **অভিলক্ষ্য (Mission):**

সেবাদাতাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ও উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবাপ্রদান নিশ্চিত করা।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

- জেলা প্রর্যায়ের দপ্তরসমূহের উন্নয়নমূলক কার্যক্রমসমূহের কার্যকর সমন্বয়সাধন
- দূযোর্গ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্র অর্জন তরান্বিতকরণ
- সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ
- রাজস্ব প্রশাসন ও ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন
- মানবসম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
- সার্কিট হাউজ ব্যবস্থাপনার উন্নয়ন
- ক্রীড়া সংস্কৃতি ও নারী উন্নয়ন ত্বরানিতকরণ
- বিবিধ

১.৪ **কার্যাবলি (Functions):**

১. জেলার আন্ত:বিভাগীয় কর্মকান্ডের সমন্বয় এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ জেলার প্রধান উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন;

২. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;

৩. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, ভিক্ষুক পুনর্বাসনসহ জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

৪. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ;

৫. সামাজিক নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, আমার বাড়ী আমার খামারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান ও কার্যকর সমন্বয় সাধন;

৬. জেলার রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;

৭. জেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ, মোবাইল কোর্ট পরিচালনা, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বস্তি আনয়ন এবং ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি;

৮. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনার আওতায় অভিযোগ নিষ্পত্তি;

৯. বিভিন্ন সামাজিক সমস্যা যেমন যৌন হয়রানি, নারী নির্যাতন, মাদক সেবন, চোরাচালান, যৌতুক, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ/নিরসনে কার্যক্রম গ্রহণ;

১০. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম;

১১. প্রবাসীদের ডাটাবেস প্রস্তুত, বিদেশগামী ব্যক্তিদের প্রতারণা ও হয়রানি প্রতিরোধ এবং মানব পাচার রোধসহ প্রবাসী কল্যাণে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

১২. এনজিওদের কার্যক্রম তদারকি ও সমন্বয়, এনজিও কার্যক্রমের ওভারল্যাপিং প্রতিরোধে কর্মক্ষেত্র নির্ধারণে মতামত প্রদান এবং এনজিওদের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ ও ক্ষুদ্রঋণসহ অন্যান্য কার্যক্রম পরিদর্শন/দর্শন;

১৩. জাতীয় ই-গর্ভনেন্স কার্যক্রম বাস্তবায়ন;

১৪. সেবা পদ্ধতি সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান;

১৫. জেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ, সোস্যাল মিডিয়া ব্যবহার এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি।

১৬.প্রতিটি গ্রামে নগর সুবিধা সম্প্রসারণ ;